# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 04-09-2026** **Time: 1.40 P.M.**

বাংলার সিনেমায় মহানায়ক উত্তমকুমারের অবদান অক্ষয় অমর এবং চির স্মরণীয় বলে উল্লেখ করেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। কলকাতার নিউ টাউনে আজ প্রস্তাবিত উত্তম কুমারের নামাঙ্কিত ফিল্ম সেন্টারের ভূমি পূজা ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন তিনি। উপস্থিত ছিলেন মিঠুন চক্রবর্তী, রঞ্জিত মল্লিক, রূপা গাঙ্গুলী, প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, যীশু সেনগুপ্ত, মন্ত্রী অর্জুন সিং প্রমুখ। পরে মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে জানান ২৫ কোটি টাকা ব্যয়ে তিনটি অংশে এই ফিল্ম সেন্টার গড়ে উঠবে।

বাইট

সিনেমার নতুন প্রযুক্তি উত্তমকুমার ফিল্ম সেন্টারে সুলভে পাওয়া গেলে স্থানীয় তরুণরা সিনেমায় আরো বেশি করে যুক্ত হতে উৎসাহ পাবে এবং নতুন প্রযুক্তির মাধ্যমে চলচ্চিত্র প্রযোজকদের জন্য ব্যবসার একটি নতুন রাস্তাও তৈরি হবে বলে মুখ্যমন্ত্রী জানান। মিঠুন চক্রবর্তীকে রাজ্য সরকারের কালচারাল এডভাইজার করা হবে বলেও তিনি আজ ঘোষণা করেন।

--------------------

মহানায়ক উত্তমকুমারের জন্মশতবর্ষ উদযাপনের আজ দ্বিতীয় দিন। বিকেলে নন্দন ১,২ ও রাধা স্টুডিওতে শুরু হবে উত্তম চলচ্চিত্র উৎসব। উদ্বোধনী ছবি সত্যজিৎ রায় পরিচালিত "নায়ক"। এছাড়া রবীন্দ্রসদনে ভারতীয় ডাক বিভাগের উদ্যোগে মহানায়কের

স্মরণে বিশেষ খাম ও ডাক টিকিট প্রকাশের পর প্রবীণ চলচ্চিত্রশিল্পীদের রাজ্য সরকারের পক্ষ থেকে সংবর্ধনা জানানো হবে। থাকছে অভিনেতা অভিনেত্রীদের আড্ডা এবং সবশেষে মহানায়ক: আ সুপারস্টার জার্নি শীর্ষক একটি তথ্যচিত্রের প্রদর্শনী।

--------------------

দীর্ঘ প্রায় ১৫ বছর পর আজ রাজ্য পর্যটন দপ্তরের নতুন লোগো প্রকাশিত হয়েছে। কলকাতার ধনধান্য অডিটোরিয়ামে এক অনুষ্ঠানে এর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। পর্যটন দপ্তরের রিং টোনেরও সূচনা করেন তিনি। উপস্থিত ছিলেন রাজ্যের পর্যটন মন্ত্রী শঙ্কর ঘোষ, শিল্প মন্ত্রী তাপস রায়, পর্যটন দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী।

--------------------

নিউ ফারাক্কা রেল স্টেশনের কাছে আপ লাইনে ধস নামায়, উত্তরবঙ্গগামী বহু ট্রেন আজ ও বাতিল রয়েছে। গতকাল ভোর রাতে প্রবল বৃষ্টির জেরে এই ধসের ঘটনায়, রেল পথে কার্যত ব্যহত হয় উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগ। রেললাইনে ধসের ২৪ ঘণ্টা পরেও স্বাভাবিক হয়নি পরিসেবা। যুদ্ধকালীন তৎপরতায় মেরামতির কাজ ক'রে রাতে টেস্টিংয়ের পর, আবার নতুন করে ধস নামায় পরিস্থিতি আরো জটিল হয়। রেল দপ্তর সূত্রে জানা গেছে, গতকালের ধসের জায়গাতেই প্রায় ১০০ মিটার জায়গা জুড়ে, ১৫ ফুট লাইন ধ্বসে গিয়েছে। ওভারহেড কানেকশনের বৈদ্যুতিক পোলগুলি'ও স্থানচ্যুত। আপৎকালীন পরিস্থিতিতে উত্তরবঙ্গ ও ঝাড়খণ্ডের দিকের সব ট্রেন'ই ফারাক্কার দু'নম্বর প্ল্যাটফর্ম দিয়ে ধীরগতিতে চালানো হচ্ছে। দ্রুতগতিতে কাজ চললেও পরিষেবা কতক্ষণ পর পুরোপুরি স্বাভাবিক হবে তা নির্দিষ্ট করে বলতে পারছেন না রেল আধিকারিকরা।

এর জেরে পূর্ব রেলের মালদা ডিভিশনের নিউ ফারাক্কায় লাইনে ভূমি ধসের কারণে উত্তরবঙ্গ এবং দেশের উত্তর পূর্ব  রাজ্যে যাওয়ার ১৪টি দূরপাল্লার এক্সপ্রেস ট্রেন আজ বাতিল করা হয়েছে।  সেগুলি হল- সরাইঘাট, কাঞ্চনকন্যা, উত্তরবঙ্গ, হাটেবাজারে, গৌড় এক্সপ্রেস, দার্জিলিং মেল, পদাতিক, হামসফর, কামরূপ, রাধিকাপুর, শিয়ালদা-বালুরঘাট, কলকাতা-যোগবানি এক্সপ্রেস এবং  হাওড়া-কাটিহার ও হাওড়া-কামাখ্যা বন্দে ভারত স্লিপার।

যাত্রী নিরাপত্তা ও সুরক্ষার কথা মাথায় রেখেই ট্রেন বাতিলের সিদ্ধান্ত বলে পূর্ব রেলের তরফে জানানো হয়েছে।

--------------------

সক্রিয় মৌসুমি অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তের কারণে আগামী বুধবার পর্যন্ত রাজ্যে বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস। আজ দক্ষিণবঙ্গের পূর্ব বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ, নদিয়া, এবং উত্তর ২৪ পরগণা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে। আগামী ২ থেকে ৩ ঘন্টার মধ্যে মুর্শিদাবাদের কিছু এলাকায় ৩০ থেকে ৪০ কমিলোমিটার বেগে ঝোড়ো হাওয়ার সঙ্গে হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

কলকাতা ও তার আশপাশের এলাকাতেও আকাশ মেঘলা থাকার এবং দু’এক পশলা বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

উত্তরবঙ্গের  জেলাগুলিতেও  রয়েছে ভারী বৃষ্টির সতর্কতা।

এদিকে, মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়ার জেরে দামোদরের জলস্তর দ্রুত বৃদ্ধি পাওয়ায় রাজ্য সরকার বিশেষ তৎপরতা নিচ্ছে। পরিস্থিতি খতিয়ে দেখতে

ডিভিসির চেয়ারম্যানের সঙ্গে কথা বলেছেন মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়াল। একই সঙ্গে দামোদরের নিম্ন অববাহিকা এলাকার চার জেলাকে সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

হুগলী জেলার বন্যাপ্রবণ আরামবাগ, খানাকুল, পুরশুড়া, গোঘাট, জাঙ্গিপাড়ায় প্রশাসনের তরফে এমার্জেন্সি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে।

--------------------

রাজ্যের দেড় হাজারের বেশি খাবারের দোকানে অস্বাস্থ্যকর খাবার বিক্রি ও অনিয়ম ধরা পড়েছে। স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানিয়েছেন, খাদ্য সুরক্ষা অভিযানের অঙ্গ হিসেবে ১ হাজার ৭৩০টি খাবারের দোকান বা খাদ্য প্রস্তুতকারক প্রতিষ্ঠানে খাবারের মান পরীক্ষা করা হয়। তার মধ্যে অন্তত ১ হাজার ৫২৫টি-তে অনিয়ম ধরা পড়েছে। পাঁচটি রেস্তোরাঁর লাইসেন্স সাসপেন্ড করা হয়েছে বলে তিনি জানান। বন্ধ করে দেওয়া হয়েছে ১৩টি ফুড প্রসেসিং ইউনিট। পাশাপাশি ৬টি জলের কারখানা বন্ধেরও নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, জলপাইগুড়ির মাল শহরের সুভাষ মোড় এলাকায় টাস্কফোর্সের অভিযান চলাকালীন একটি মুদি দোকান থেকে মেয়াদ উত্তীর্ণ খাদ্য সামগ্রী উদ্ধার হয়েছে। আধিকারিকরা তার নমুনা সংগ্রহ করেন।

--------------------

অভয়া কান্ডে বেঙ্গালুরু থেকে গ্রেপ্তার হওয়া পানিহাটি পুরসভার প্রাক্তন পুর প্রধান সোমনাথ দে-কে আজ ব্যারাকপুর মহকুমা আদালতে তোলা হয়। পুলিশ ভ্যানে তোলার সময়ে তাকে লক্ষ্য করে আদালতের বাইরের জমায়েত থেকে তাকে ডিম ছোঁড়া হয়। আর জি কর ঘটনায় নির্যাতিতার দেহ তড়িঘড়ি পুড়িয়ে দেওয়ার অভিযোগে সোমনাথকে

গত বুধবার রাতে ব্যাঙ্গালুরুর জে পি নগরের একটি আবাসন থেকে গ্রেপ্তার করে পুলিশ। এই ঘটনায় প্রাক্তন বিধায়ক নির্মল ঘোষ ও প্রতিবেশী সঞ্জীব মুখার্জীর সঙ্গে তারও নাম জড়ায়।

--------------------

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে এরাজ্যেও জন্মাষ্টমী উৎসব পালিত হচ্ছে। সকাল থেকেই বিভিন্ন মন্দিরে পুজো দিতে ভিড় জমিয়েছেন মানুষ।

উত্তর কলকাতার বাগবাজার গৌড়ীয় মিশন আজ সকালে এই উপলক্ষে নগর সংকীর্তনের আয়োজন করে। এই নগর সংকীর্তনে বহু ভক্ত সামিল হন। তারা উত্তর কলকাতার বিভিন্ন পথ পরিক্রমা করেন।

বেলুর মঠেও আয়োজন করা হয়েছে বিশেষ উৎসবের।

নদীয়ার মায়াপুর শ্রী চৈতন্য মঠে ভোরে মঙ্গলারতির মধ্য দিয়ে শুরু হয় জন্মাষ্টমীর অনুষ্ঠান। সকাল থেকেই বহু ভক্তের সমাগম হয়েছে। আগামীকাল হবে নন্দোৎসব।

-------------------- --------------------